স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

বাংলা

সেমেস্টার ৪: কোর্স ১

বিশেষ পত্র: প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১। বাংলা লিপির উদ্ভবের ইতিহাস আলোচনা করো। ১০

২।বিশ শতকের প্রথমার্ধে বাংলা পুথি সংগ্রহ বিষয়ে নিবন্ধ রচনা করো। ১০

৩।পুথি পুনরুদ্ধারের প্রয়োজনীয়তা ও পদ্ধতি আলোচনা করো। ১০

একক ২

৪। পুথি পাঠের ক্ষেত্রে পুষ্পিকার গুরুত্ব বিবৃত করো। ১০

৫।পুথির কালনির্ণয় বিষয়ে নিবন্ধ লেখো। ১০

৬।সপ্তদশ শতকের একটি পুথিসম্পাদনাসূত্রে সম্পাদনার নানা পদ্ধতি নিয়ে আলোচনা করো। ১০

একক ৩

৭। সহজিয়া বৌদ্ধধর্মের মূল কথা সংক্ষেপে আলোচনা করো। ১০

৮। নাথ ধর্মের উদ্ভব ও সাধনপ্রণালী বিষয়ে একটি নিবন্ধ আলোচনা করো। ১০

৯। সহজিয়া বৈষ্ণব সম্প্রদায়ের 'পিরীতি' সাধনার পরিচয় ও উদ্দেশ্য বিশ্লেষণ করো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ৫x২=১০

(ক) সিদ্ধমাতৃকা লিপি বলতে কী বোঝ?

(খ) পুথি-লেখপত্রের প্রকারভেদ কী কী?

(গ) তোলাপাঠ কাকে বলে?

(ঘ) 'চিঠিপত্রে সমাজচিত্র' গ্রন্থটি কে সংকলন করেন? গ্রন্থটির প্রকাশকাল লেখো।

(ঙ) শাক্ত ধর্মের পঞ্চ 'ম'-কার কী কী?

(চ) 'সাধ্যসাধনতত্ত্ব' কে কাকে বলেছিলেন?

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : ২

বিশেষ পত্র : প্রাচীন ও মধ্যযুগ

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। চর্যাপদের ছন্দ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

২। বিভিন্ন আয়তনের পর্ব নির্মাণের ক্ষেত্রে বৈষ্ণব পদকর্তাগণের কুশলতার পরিচয় দাও। ১০

৩। উপযুক্ত দৃষ্টান্ত-সহ মধ্যযুগের কাব্যে ব্যবহৃত পয়ার, মালঝাঁপ পয়ার, ভঙ্গ পয়ার এবং ত্রিপদীর ব্যবহার সম্পর্কে আলোচনা করো। ১০

একক - ২

৪। চণ্ডীদাস ও বিদ্যাপতি সম্পর্কে বলেন্দ্রনাথের দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করো। ১০

৫। মধ্যযুগের দুই কবি কেতকাদাস-ক্ষেমানন্দ সম্পর্কে বলেন্দ্রনাথের চিন্তাভাবনা এ যুগেও কি মান্যতা পাবে? এ বিষয়ে তোমার স্বাধীন মত জানাও। ১০

৬। মঙ্গলকাব্য সম্পর্কে রবীন্দ্রনাথের বক্তব্য বিশদ করো। ১০

একক - ৩

৭। 'কাশীরাম দাসের মহাভারত ভক্তিরসের কাব্য' — পাঠ্য পর্বসমূহ অনুসরণে ভক্তিরসের যথাযথ পরিচয় দাও। ১০

৮। 'বিরাট পর্ব' রচনায় কবি কাশীরাম দাসের কৃতিত্ব বিচার করো। ১০

৯। 'মহাভারতের বীর রমণী দ্রৌপদী কাশীরাম দাসের মহাভারতে বাঙালি বধূর স্বভাব বৈশিষ্ট্যে উজ্জ্বল' — এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

১০। যে-কোনো পাঁচটি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ৫x২=১০

(ক) চৌতিশা কী?

(খ) পাদাকুলক ছন্দের বৈশিষ্ট্য দেখাও।

(গ) বলেন্দ্রনাথের 'মুকুন্দরাম চক্রবর্ত্তী' প্রবন্ধটি কোন্ পত্রিকার কোন্ সংখ্যায় প্রকাশিত?

(ঙ) রামায়ণের চরিত্রের সঙ্গে মহাভারতের কোন্ কোন্ চরিত্রের সাদৃশ্য বলেন্দ্রনাথ দেখিয়েছেন? দুটি উদাহরণ দাও।

(চ) নল-দময়ন্তী উপাখ্যান কে কাকে বলেছিলেন?

(ছ) দুর্যোধনের মন্ত্রী পুরোচন কোথায় কীভাবে নিহত হয়েছিলেন?

—

**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫**

**বাংলা**

**সেমেস্টার : ৪ কোর্স : ৩**

**বিশেষ পত্র : প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য**

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণ মান : ৪০**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক - ১**

১। শ্রীকৃষ্ণের পূর্বরাগের পদ রচনায় বিদ্যাপতি অন্যতম শ্রেষ্ঠ কবি। পাঠ্যপদ অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

২। বিদ্যাপতির 'প্রার্থনা' ও চণ্ডীদাসের 'আত্মনিবেদন' পর্যায়ের একটি করে পদের তুলনামূলক আলোচনা করো। ১০

৩। 'চণ্ডীদাস রাধাভাবিত কবি।' – আক্ষেপানুরাগের পাঠ্যপদ অনুসরণে রাধাভাবিত চণ্ডীদাসের কবিসত্তার পরিচয় দাও। ১০

**একক - ২**

৪। 'কথাত যাইমু কাহাত কহিমু
কে মোর জানিবে বেদন।' – কার উক্তি? প্রেক্ষিত-সহ উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

৫। 'পরিণাম চিন্তি কাজ পাছে যেন নহে লাজ
ক্ষুধা হৈলে দু হস্তে না খাই।' – দৌলত কাজীর কাব্যে এই বক্তব্যের প্রাসঙ্গিকতা আলোচনা করো। ১০

৬। 'স্বইচ্ছায় রাণী লৈল আস্কার স্মরণ।' – উক্তিটির প্রসঙ্গ নির্দেশ-সহ বক্তার চরিত্র বিশ্লেষণ করো। ১০

**একক - ৩**

৭। রূপরাম চক্রবর্তীর 'শ্রীধর্মমঙ্গল' কাব্য নারী বীরত্বের অপরূপ জয়গাথা। – মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

৮। রূপরাম চক্রবর্তীর 'শ্রীধর্মমঙ্গল' কাব্যে বর্ণিত কবির 'আত্মকাহিনী' অংশটির গুরুত্ব পর্যালোচনা করো। ১০

৯। রূপরাম চক্রবর্তীর 'শ্রীধর্মমঙ্গল' কাব্য অবলম্বনে রাঢ় বাংলার জীবনযাত্রার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) বিদ্যাপতির পৃষ্ঠপোষক দু'জন রাজার নাম লেখো।

(খ) 'আমি ত অবলা কুলবতী বালা
তিন তার সঙ্গে গেল।' – 'তিন তার সঙ্গে গেল' অর্থ কী?

(গ) কার কোন নির্দেশে কবি দৌলত কাজী তাঁর কাব্য রচনা করেন?

(ঘ) ময়নার অসমাপ্ত বারোমাস্যার কালপর্ব কত?

(ঙ) কালু ডোম কে? কালু ডোমের দুই পুত্রের নাম কি?

(চ) লাউসেনের চার পত্নীর নাম লেখো।

---

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

সেমেস্টার ৪ কোর্স ১

বিশেষপত্র: রবীন্দ্রসাহিত্য (রবীন্দ্রসমালোচনার ধারা)

সময়: ৩ ঘন্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান ডানদিকে দেওয়া হল

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১. প্রথম যুগের রবীন্দ্রসমালোচনা প্রধানত রবীন্দ্রকাব্যসমালোচনার ইতিহাস। উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ১০

২. *জীবনস্মৃতি* আর অজিতকুমার চক্রবর্তীর *রবীন্দ্রনাথ* প্রবন্ধের মধ্যে কি কোনো ভাবনাগত মিল আছে বলে তুমি মনে করো। আলোচনা করো। ১০

৩. রবীন্দ্রকাব্য বিষয়ে অস্পষ্টতার অভিযোগ দ্বিজেন্দ্রলালের রবীন্দ্রসমালোচনার প্রধান বৈশিষ্ট্য। বিশ্লেষণ করো। ১০

একক ২

৪. রবীন্দ্রনাথ রচিত বিভিন্ন বইয়ের ভূমিকা কীভাবে রবীন্দ্রসমালোচনার অপরিহার্য উপাদান হয়ে উঠেছে দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

৫. রবীন্দ্রনাথের নোবেলপ্রাপ্তির পর *গীতাঞ্জলি* কাব্য নিয়ে বরাক উপত্যকায় যে বিতর্ক হয়েছিল, তার পরিচয় দাও। ১০

৬. জীবনীমূলক রবীন্দ্রসাহিত্য সমালোচনার ধারায় প্রভাতকুমার মখোপাধ্যায়ের রবীন্দ্রজীবনী কতদূর গ্রহণযোগ্য বলে তুমি মনে করো। ১০

একক ৩

৭. রবীন্দ্রকবিতা নিয়ে বুদ্ধদেব বসুর সমালোচনার পরিচয় দাও। ১০

৮. *মার্কসবাদী* পত্রিকায় ভবানী সেনের রবীন্দ্র-সমালোচনা সম্পর্কে তোমার মতামত দাও। ১০

৯. সুধীন্দ্রনাথ দত্ত সম্পাদিত *পরিচয়*-এর সঙ্গে হস্তান্তরিত *পরিচয়*-এর রবীন্দ্রচর্চার স্বাতন্ত্র্য আলোচনা করো। ১০

১০. যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ৫ ×২=১০

ক) ব্রহ্মবান্ধব উপাধ্যায় কোন পত্রিকায় কোন রবীন্দ্রকাব্যের সমালোচনা করেন?

খ) কালীপ্রসন্ন কাব্যবিশারদ কোন রবীন্দ্রকাব্যের প্যারডি রচনা করেন? কালীপ্রসন্নের প্যারডিটির পুরো নাম কী?

গ). রবীন্দ্র-পরিচয় সভার তরফ থেকে কোন দুটি বই প্রকাশের উদ্যোগ নেওয়া হয়?

ঘ)'রবীন্দ্রনাথের রাষ্ট্রনৈতিক মত' প্রবন্ধটি কার লেখা? লেখকের আরো একটি এই জাতীয় রচনার নাম লেখো।

ঙ) *কবিতা* পত্রিকার রবীন্দ্রসংখ্যায় চিত্রশিল্পী ও সুরকার রবীন্দ্রনাথকে নিয়ে লেখা প্রবন্ধদুটির রচয়িতার নাম লেখো।

চ) *পূর্ব্বাশা*-র *রবীন্দ্র-স্মৃতি* সংখ্যার সম্পাদক কে ছিলেন? এই সংখ্যায় তাঁর কোন রচনা প্রকাশিত হয়?

**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫**

**বাংলা**

**সেমেস্টার: ৪ কোর্স: ২**

**বিশেষ পত্র: রবীন্দ্রনাথ: রবীন্দ্রচিন্তাজগৎ**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৪০**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক-১**

১।'মানুষের ধর্ম' রচনায় রবীন্দ্রনাথ ডারউইনবাদের সঙ্গে কীভাবে বোঝাপড়া করেছেন আলোচনা করো। ১০

২। *আত্মপরিচয়* -এর তৃতীয় প্রবন্ধটিতে রবীন্দ্রনাথের ধর্মভাবনা কীভাবে ধরা পড়েছে বলে তুমি মনে কর। ১০

৩। *শান্তিনিকেতন* ভাষণমালা রবীন্দ্রনাথের গীতাঞ্জলি-পর্বের অধ্যাত্মভাবনার অন্যতম নিদর্শন কিনা আলোচনা করো। ১০

**একক-২**

৪। রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া' প্রবন্ধে ছেলেভুলানো ছড়ার বৈশিষ্ট্যগুলি কীভাবে উল্লিখিত হয়েছে সদৃষ্টান্ত আলোচনা করো। ১০

৫। "সম্প্রতি আমরা ইংরেজের পাঠশালায় পড়িয়া স্থির করিয়াছি, অবস্থা-নির্বিচারে গবর্মেন্টকে খোঁচা মারিয়া মনোযোগী করাই জনসাধারণের সর্বপ্রধান কর্তব্য।" 'স্বদেশী সমাজ' প্রবন্ধ অবলম্বনে এ বিষয়ে তোমার স্বাধীন মত জানাও। ১০

৬। *রাশিয়ার চিঠি* অবলম্বনে সোভিয়েত শিক্ষা ব্যবস্থা সম্পর্কে রবীন্দ্রনাথের পর্যবেক্ষণ সম্পর্কে আলোচনা করো। ১০

**একক-৩**

৭। বাংলা ভাষার উচ্চারণের পরিপ্রেক্ষিতে 'অ' অথবা 'ই' 'উ' সম্পর্কে রবীন্দ্রনাথের বিবিধ পর্যবেক্ষণের পরিচয় দাও। ১০

৮। বাংলা ভাষার সাধু ও চলিত সম্পর্কে রবীন্দ্রনাথের ভাবনা কেমন ছিল আলোচনা করো। ১০

৯। রবীন্দ্রনাথের অনুসরণে বাংলা ভাষায় প্রচলিত ধ্বন্যাত্মক শব্দ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

১০। **যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:** ৫x২=১০

(ক) বাংলা ভাষার স্বাভাবিক ছন্দ বলতে রবীন্দ্রনাথ কী বুঝিয়েছেন?

(খ) রবীন্দ্রনাথ 'ঙ' বর্ণ সম্পর্কে কীভাবে বিশেষ মনোযোগ দিয়েছিলেন?

(গ) *আত্মপরিচয়*-এর প্রথম প্রবন্ধটি রবীন্দ্রনাথ কোন সম্পাদকের কোন বইয়ের জন্য লেখেন?

(ঘ) 'সজীব সংবাদপত্র' বলতে রবীন্দ্রনাথ কী বুঝিয়েছেন?

(ঙ) 'পল্লীর উন্নতি' ও 'পল্লীসেবা' প্রবন্ধ দুটি কোথায় প্রথম কথিত হয়?

(চ) "দেশী ভাষার ব্যাকরণ চর্চা করো, অভিধান সংকলন করো, পল্লী হইতে দেশের আভ্যন্তরিক বিবরণ সংগ্রহ করো।" এই পঙ্‌ক্তির তাৎপর্য লেখো।

**স্নাতকোত্তর পরীক্ষা- ২০২৫**

**বাংলা**

**সেমেস্টার: ৪ কোর্স: ৩**

**বিশেষপত্র: রবীন্দ্রনাথ (নির্বাচিত টেক্সট)**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক-১

১। 'গীতবিতান'-এর পূজা পর্যায়ের বৈশিষ্ট্য আলোচনা করে অন্তত দুটি গানের বিশদ আলোচনা করো। ১০

২। 'কড়ি ও কোমল'-এর প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের দেশাত্মবোধের বিশেষত্ব দেখাও। ১০

৩। 'শেষসপ্তক' কাব্যের ৩১ ও ৩৮ সংখ্যক কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের প্রেমভাবনার অভিনবত্ব আলোচনা করো। ১০

একক-২

৪। 'রাজা' নাটকে রাজার ধ্বজা-চিহ্ন কীভাবে ইঙ্গিতবাহী হয়ে উঠেছে, আলোচনা করো। ১০

৫। 'রাজা' নাটকে ঠাকুরদার উপস্থিতি কতটা অপরিহার্য বলে তুমি মনে কর তা লেখো। ১০

৬। 'আমি তাঁর এই অন্ধকার ঘরের সেবিকা কিনা, তাই আমার একটা বোধ জন্মে গেছে— আমার বোঝবার জন্যে কিছুই দেখবার দরকার হয় না।' প্রদত্ত সংলাপটির সূত্রে 'রাজা' নাটকে সুরঙ্গমার মনোভঙ্গির পরিচয় দাও। ১০

একক-৩

৭। রবীন্দ্রনাথের 'ঘরে-বাইরে' উপন্যাসের পটভূমিতে রাজনীতি থাকলেও তার কেন্দ্রীয় সংকটবিন্দুটি হল মূলত বিমলার 'ঘর' ও 'বাইরে'-কে মেলাতে না পারা! মন্তব্যটির যৌক্তিকতা ব্যাখ্যা করো। ১০

৮। 'ঘরে-বাইরে' উপন্যাস পত্রিকায় প্রকাশের সময়েই প্রভূত সমালোচনায় বিদ্ধ হয়েছে। কিন্তু সেই বাংলা সমালোচনাগুলি সাহিত্যগত ছিল না। এই সমালোচনাগুলির প্রবণতাসমূহ পর্যালোচনা করো। ১০

৯। 'লিপিকা' গ্রন্থে রূপকথার পরিমণ্ডল থাকলেও সেগুলিকে পরিপূর্ণ রূপকথা বলা যায় না।— আলোচনা করো। ১০

১০। **যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও:** ৫X২=১০

(ক) 'রবিচ্ছায়া' গ্রন্থের প্রকাশক কে? গ্রন্থটি কোন সালে প্রকাশিত হয়?

(খ) 'কড়ি ও কোমল'-এর প্রকাশসাল লেখো। কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছে?

(গ) 'আজ তোমার প্রেম পেয়েছে ভাষা/আজ তুমি হয়েছ কবি—' 'শেষসপ্তক' কাব্যের কত সংখ্যক কবিতা থেকে উদ্ধৃতিটি নেওয়া হয়েছে? কে, 'কবি' হয়েছে?

(ঘ) 'রাজা' নাটকের ইংরেজি অনুবাদের নাম লেখো। রবীন্দ্রনাথ কোন নাটকটিকে 'রাজা' নাটকের 'অভিনয়যোগ্য সংক্ষিপ্ত সংস্করণ' হিসেবে চিহ্নিত করেছিলেন?

(ঙ) 'লিপিকা'র রচনাগুলির মধ্যে প্রথম প্রকাশিত রচনা কোনটি? এটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(চ) 'সবুজ পত্র' পত্রিকার কোন সংখ্যা থেকে কোন সংখ্যা পর্যন্ত 'ঘরে-বাইরে' ধারাবাহিক প্রকাশিত হয়?

**স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫**

**বাংলা**

**সেমেস্টার : ৪ কোর্স : ১**

**বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য : প্রকরণ**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান ডান দিকে দেওয়া হল

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

**একক — ১**

১। উৎপত্তিস্থল ও তার জনজাতি জাদু-বাস্তবতা তত্ত্বকে যে বিশেষ স্বভাব দান করেছে তা নিয়ে আলোচনা করো। ১০

২। 'বিশেষ বিশেষ ব্যক্তিত্ব অনুযায়ী প্রতীতি গৃহীত হয়, অনুভূতির রঞ্জন লাভ করে — বিভিন্ন বিভিন্ন তাৎপর্যে শিল্পীত হয়ে ওঠে।' — দুটি গল্প অবলম্বনে এই বিষয়ে আলোচনা করো। ১০

৩। "অনেক সময় গল্পের 'সূচনা' হয় 'সমাপ্তি' অংশের সূত্র ধরে।"— দুটি গল্প অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও। ১০

**একক — ২**

৪। আখ্যানতত্ত্বের ন্যারেটর, ন্যারেটি, ন্যারেটিভ, ইমপ্লায়েড ন্যারেটর, ইমপ্লায়েড ন্যারেটি — এই ধারণাগুলি উদাহরণ সহযোগে স্পষ্ট করো। ২X ৫= ১০

৫। 'কার্নিভালেস্ক' বলতে কী বোঝ? উপন্যাস বহুস্বরিক হয়ে ওঠার ক্ষেত্রে কার্নিভাল উপাদানের গুরুত্ব কোথায় তা উদাহরণ সহযোগে ব্যাখ্যা করো। ৫+ ৫= ১০

৬। 'ক্রনোটোপ' শব্দটির অর্থ লেখো। উপন্যাসের বয়নে 'সময়' ও 'পরিসর' কীভাবে গাঁথা পড়ে তা দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ২+ ৮= ১০

**একক — ৩**

৭। রবীন্দ্রনাথের উপন্যাসে যে প্রকরণগত পরীক্ষা-নিরীক্ষার পরিচয় পাওয়া যায় তার সংক্ষিপ্ত পরিচয় লিপিবদ্ধ করো। ১০

৮। সত্তর পরবর্তী বাংলা কথাসাহিত্যে বেশ কয়েকজন লেখক যে বিকল্প প্রকরণ ভাবনায় সাহিত্য রচনা করেছিলেন তার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে বিবৃত করো। ১০

৯। 'শাস্ত্রবিরোধী' গল্প-আন্দোলন সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লেখো। ১০

১০। **যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ৫X ২= ১০

ক) 'লো রেয়াল মারাভিঝোসো' — কথার অর্থ কী ? এই কথা কে বলেছিলেন?

খ) 'The Philosophy of the Short-Story' গ্রন্থটি কে লিখেছেন ? এটির প্রথম প্রকাশ কাল কী ?

গ) 'Aspects of the Novel' বইটির কার লেখা? এটি প্রথম কত সালে প্রকাশিত হয়?

ঘ) 'The Rhetoric of Fiction' বইটি কোন দেশের কোন উপন্যাস-তাত্ত্বিকের লেখা?

ঙ) 'মৃগয়া' ও 'শবরচরিত' — এই দুটি উপন্যাসের দুই লেখকের নাম কী কী ?

চ) উত্তমপুরুষের জবানিতে লেখা দুটি রবীন্দ্রগল্পের নাম লেখো।

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : ২

বিশেষপত্র : বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য : উপন্যাস

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক-১

১. মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের আখ্যানের সঙ্গে কুমুদ-মতি উপকাহিনি তথা জয়া-বনবিহারী গৌণ কাহিনি কীভাবে মূল আখ্যানের পরিপূরক হয়ে উঠেছে তা আলোচনা করো। ১০

২. 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসে বর্ণিত বজ্রাহত বটগাছ, নন্দর শূন্য চালাঘর, কুসুমের মাড়িয়ে দেওয়া গোলাপচারা, সিন্ধুর খেলাঘরের সারিবদ্ধ পুতুল, শশীর টিলার উপর সূর্যাস্ত দর্শন কীভাবে উপন্যাসটির তাৎপর্যপূর্ণ প্রতীক হয়ে উঠেছে তা ব্যাখ্যা করো। ১০

৩. দুয়েকটি ব্যতিক্রম ছাড়া 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের প্রায় সব চরিত্রই একাধারে বাজিকর, অন্যদিকে পুতুল।— মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

একক-২

৪. 'মৈত্রেয় জাতক' উপন্যাসে সিদ্ধার্থ একইসঙ্গে লোকগুরু এবং সমাজসংস্কারক।— বক্তব্যটির সাপেক্ষে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

৫. 'মৈত্রেয় জাতক' উপন্যাসে বিশাখার বিবাহের প্রস্তুতি থেকে শ্বশুর গৃহে যাওয়ার কালপর্বের ঘটনাগুলি বিশ্লেষণ করে সে বিষয়ে তোমার ভাবনা প্রকাশ করো। ১০

৬. 'মৈত্রেয় জাতক' উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে চণক চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

একক-৩

৭. 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসে বাজিকরদের স্থিতিশীল হওয়ার লক্ষ্যে জামিরের ভূমিকাগত তাৎপর্য নিরূপণ করো। ১০

৮. সাঁওতাল জনজীবনের বিশেষ সাংস্কৃতিক উৎসবের পরিপ্রেক্ষিত কীভাবে শোষণ তথা একমাত্রিক আত্মম্ভরিতাকে আবিষ্কার করেছিল তা 'রহু চণ্ডালের হাড়' উপন্যাস অবলম্বনে বিশ্লেষণ করো। ১০

৯. 'কিন্তু এই নিয়মের নিগড় থেকে বেগবান অন্য কিছু তাদের একজনকে অন্যের সঙ্গে যুক্ত রাখত। পীতেম কিংবা সালমা কেউ জানবে না তাদের পরবর্তী তৃতীয় এবং চতুর্থ পুরুষেই বিষয়টি নিয়মে পরিণত হবে বাধ্য হয়ে, যে বাধকতায় পুরা ও পালি আনীত অভিশাপ মূল্যহীন হয়ে যাবে।'— আলোচনা করো। ১০

১০. টীকা লেখো (যে-কোনো পাঁচটি) ৫ × ২ = ১০

ক. 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসে মোট কয়টি অধ্যায় আছে? কোন অধ্যায়ের শেষ বাক্যটি হল: 'শরীর! শরীর! তোমার মন নাই কুসুম?'

খ. শশীর কৌলিক পদবী কী? কীভাবে তার পদবী জানা যায়?

গ. বোধিকুমার কে ? তিনি কার প্রণয়প্রার্থী ছিলেন ?

ঘ. মহারাজ বিম্বিসারের ক'জন পত্নীর কথা উপন্যাসে আছে ? এদের মধ্যে কে বৌদ্ধধর্ম গ্রহণ করেছিলেন ?

ঙ. গোমা কী ? শরমী কে ?

চ. মণিরাজ কী ? কোন প্রসঙ্গে মণিরাজ-এর কথা 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসে এসেছে ?

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

বাংলা

সেমেস্টার : ৪ কোর্স : ৩

বিশেষপত্র : বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য : গল্প

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক—১

১। 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পে ষ্টিফান হোরোর চারিত্রিক দৃঢ়তা ও বুদ্ধিমত্তার পরিচয় বর্ণনা করে তার রুন্‌নু হোরে হয়ে ওঠার কারণ ব্যাখ্যা করো। ৭+৩ = ১০

২। 'জাবালি' গল্পে পুরাণের নবনির্মাণ করেছেন পরশুরাম। — আলোচনা করো। ১০

৩। 'উলট-পুরাণ' গল্পের দুটি 'উলট' প্রসঙ্গের সৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

একক — ২

৪। জ্যোতিরিন্দ্র নন্দী 'গিরগিটি' গল্পে মায়া-র আত্মমুগ্ধতাকে কীভাবে অনবদ্য শিল্পরূপ দান করেছেন তা বুঝিয়ে দাও। ১০

৫। 'চমৎকার ডিটেলিং, উপমার অসাধারণ প্রয়োগ ও পরিমিত বর্ণনায়' 'বেহুলার ভেলা' মতি নন্দীর একটি শ্রেষ্ঠ গল্প হয়ে উঠেছে। উদাহরণসহ আলোচনা করে বিষয়টি বুঝিয়ে দাও। ১০

৬। 'শবাগার' গল্পে নকশাল আন্দোলনের প্রেক্ষিতে মুকুন্দর আত্মসঙ্কট কিভাবে রিরংসার মধ্য দিয়ে পরিণতি লাভ করেছে তা বিচার করে দেখাও। ১০

একক — ৩

৭। তোমাদের পাঠ্য গল্পগুলি অবলম্বনে দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের ছোটোগল্পে নতুন রীতির প্রয়োগের পরিচয় দাও। ১০

৮। 'অশ্বমেধের ঘোড়া' গল্পে কাঞ্চন-রেখার অসহায়তা ও অপারগতা তাদের সময়ের চরিত্রকেই প্রতিফলিত করেছে।— আলোচনা করো। ১০

৯। 'ঢোল সমুদ্র' গল্পে প্রহ্লাদ চরিত্রটির মধ্য দিয়ে কিভাবে শ্রেণির সংগ্রাম ও শ্রমজীবী মানুষের লড়াইকে জীবন্ত করা হয়েছে আলোচনা করো। তাবিজ বিহীন প্রহ্লাদ কিভাবে এক নতুন মানুষ আলোচনা করো। ৭+৩ = ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×২ = ১০

ক। 'বিরিঞ্চিবাবা' গল্পটি কত সালে কোন পত্রিকায় প্রকাশিত হয় ?

খ। দুলাল মাহাতো জাতিতে কী ছিল এবং সে বাইরে কোথায় কাজে গিয়েছিল ?

গ। 'লোকটির একটা হাত কাটা, বাঁ পাটা হাঁটু অবধি এসে থেমে গেছে।' — এই কথাগুলি কোন গল্পে রয়েছে ? 'লোকটির' স্ত্রীর নাম কী ?

ঘ। 'ওকে দেখলেই আবছা মনে পড়ে মাকে।' কার কথা বলা হয়েছে ? ওকে দেখলে মার কথা মনে পড়ে কেন ?

ঙ। 'আমরা সব যে গোপিনী বাবা।' কার উক্তি ? কেন বক্তা একথা বলেছে ?

চ। হঠাৎ হর্ষ ক্ষিপ্ত হয়ে সুবাসিনীর হাতটা কামড়ে ধরে ছিনিয়ে নিল সেই মণ্ডাটা।' কোন গল্পের অংশ ? হর্ষ ও সুবাসিনীর মধ্যে সম্পর্ক কী ?

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

বাংলা

সেমেস্টার: ৪ কোর্স: ১

(ভাষাবিজ্ঞানের ক্রমবিকাশ)

বিশেষ পত্র: ভাষাবিজ্ঞান: ইতিহাস, ব্যাকরণ ও প্রয়োগ

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

**একক-১**

১। প্রাচীন ভারতের ভাষাবিজ্ঞান চর্চার ক্ষেত্রে 'ব্যাকরণ' প্রস্থানের গুরুত্ব আলোচনা করো। ১০

২। যাস্কের নিরুক্ত প্রস্থান চর্চার মূল্যায়ন করো। ১০

৩। কাত্যায়ন ও পতঞ্জলির প্রাচীন ভারতের ভাষাচর্চার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

**একক-২**

৪। পাশ্চাত্য ভাষাপ্রস্থানে রাস্ক-এর (Rasmus Kristian Rask) গুরুত্ব সম্পর্কে লেখো। ১০

৫। গ্রিম-এর (Jacob Grimm) প্রথম ধ্বনিসূত্রটি উদাহরণসহ আলোচনা করো। ১০

৬। পাশ্চাত্য ভাষাপ্রস্থানে কোলিৎস্-এর (Hermann Collitz) অবদান সম্পর্কে লেখো। ১০

**একক-৩**

৭। পাশ্চাত্য ভাষাপ্রস্থানে বোয়াস-এর (Franz Uri Boas) অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

৮। বিশ শতকের ভাষাপ্রস্থানে ব্লুমফিল্ড-এর (Leonard Bloomfield) ভূমিকা সংক্ষেপে লেখো। ১০

৯। আধুনিক ভাষাবিজ্ঞানে ত্রুবেৎস্কয়-এর (Nikolai Trubetzkoy) গুরুত্ব সম্পর্কে লেখো। ১০

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও: ৫x২=১০

(ক) পাণিনির সময়কাল উল্লেখ করে তাঁর ব্যাকরণ গ্রন্থে কতগুলি সূত্র ছিল তা লেখো। ২

(খ) প্রাকৃত ভাষার ব্যাকরণ চর্চা করেছেন এমন দুই জনের গ্রন্থসহ নাম উল্লেখ করো। ২

(গ) ভেরনার (Karl Verner) কার ধ্বনিসূত্রের ব্যতিক্রমকে সূত্রবদ্ধ করেছিলেন? ভেরনারের সূত্রের একটি উদাহরণ দাও। ১+১=২

(ঘ) নব্য বৈয়াকরণ (Neogarmmarian) গোষ্ঠীর দুজন ভাষাতাত্ত্বিকের নাম লেখো। ২

(ঙ) স্যসুর-এর (Ferdinand de Saussure) ফোর ডাইকোটমি (four dichotomy) কী কী লেখো। ২

(চ) সাপির-এর (Edward Sapir) একটি বইয়ের নাম ও প্রকাশকাল লেখো। ১+১=২

বাংলা

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৫

সেমেস্টার ৪ কোর্স - ২

বিশেষ পত্র: ভাষাবিজ্ঞান: ইতিহাস, ব্যাকরণ ও প্রয়োগ

(বাংলা ব্যাকরণের ইতিহাস, অভিধানতত্ত্ব ও শব্দাভিধান)

সময় ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান ডানদিকে দেওয়া হল

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। উইলিয়ম কেরির ব্যাকরণ গ্রন্থ সম্পর্কে একটা নিবন্ধ রচনা করো। ১০

২। বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাসে হ্যালহেড-এর অবদান বিষয়ে আলোচনা করো। ১০

৩. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের ODBL এবং 'ভাষাপ্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' গ্রন্থদুটির গুরুত্ব আলোচনা করো। ১০

একক - ২

৪। Semantics-কে শব্দার্থতত্ত্ব বলা কতটা গুরুত্বপূর্ণ, আলোচনা করো। ১০

৫। শব্দের অর্থের কত রকম প্রকার হতে পারে, সে বিষয়ে বিস্তারিত আলোচনা করো। ১০

৬। প্রচলিত বাংলা শব্দভাণ্ডারে ব্যক্তিনাম বা স্থাননাম থেকে উদ্ভূত দেশি-বিদেশী শব্দের একটি পর্যালোচনা করো। ১০

একক - ৩

৭। ইংরেজি অভিধানের ইতিহাসে স্যামুয়েল জনসন, ওয়েবস্টার এবং অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেসের ভূমিকা আলোচনা করো। ১০

৮। জয়গোপাল তর্কালঙ্কারের 'পারসীক অভিধান' গ্রন্থটির ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ১০

৯। জ্ঞানেন্দ্রমোহন দাসের 'বাঙ্গালা ভাষার অভিধান' এবং হরিচরণ বন্দ্যোপাধ্যায়ের 'বঙ্গীয় শব্দকোষ' গ্রন্থ দুটির বিশদ আলোচনাসহ দুটি গ্রন্থের তুলনামূলক বিশ্লেষণ করো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৫x২=১০

ক. 'বাংলা উচ্চারণ' প্রবন্ধটি কোন পত্রিকায় কোন সালে প্রকাশিত হয়?

খ. 'বাংলাভাষা পরিচয়' গ্রন্থটি কোন সালে প্রকাশিত হয়? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?

গ. 'উৎকণ্ঠা' শব্দটির ব্যুৎপত্তি সংক্ষেপে ব্যাখ্যা করো।

ঘ. ফার্দিনান্দ দ্য সোস্যুরের ভাষাতত্ত্ব বিষয়ক গ্রন্থটির নাম কী? এটি কোন ভাষায় প্রকাশিত হয়?

ঙ. 'অমরকোষ'-এর সংকলকের নাম কী? গ্রন্থটি কোন শতকে সংকলিত হয়?

চ. 'সংসদ বাংলা অভিধান'-এর প্রথম ও শেষ সম্পাদকের নাম লেখো।

স্নাতকোত্তর পরীক্ষা - ২০২৫

বাংলা

সেমেস্টার: ৪ কোর্স: ৩

ফলিত ভাষাবিজ্ঞান

বিশেষপত্র: ভাষাবিজ্ঞান: ইতিহাস, ব্যাকরণ ও প্রয়োগ

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে উত্তর দাও

একক - ১

১। নবীনচন্দ্র সেনের স্মৃতিকথায় মুদ্রিত প্রাইমার পূর্ববর্তী পর্বে বাংলা ভাষা শিক্ষার যে পদ্ধতির বিবরণ আছে তার সঙ্গে প্রাইমার নির্ধারিত বাংলা ভাষা শিক্ষণ পদ্ধতির প্রতিতুলনা করো। ১০

২। বিদ্যাসাগরের 'শব্দ-সংগ্রহ' নামের পরবর্তী কালে প্রকাশিত শব্দ সংগ্রহটিকে ব্যবহার করে বাংলা ভাষা শেখানোর বিশেষ কোনো পদ্ধতি পরিকল্পনা করা যায় কি না আলোচনা করো। ১০

৩। 'বর্ণপরিচয়' ও 'সহজপাঠ' এই দুই বই বাংলা ভাষা শেখানোর ক্ষেত্রে সামাজিকতার ভিন্ন দুই রূপ ব্যবহার করেছে একথা বলা যায় কি না পর্যালোচনা করো। ১০

একক - ২

৪। পরিবর্তমান সমাজভাষাবিজ্ঞানর আলোচ্য বিষয়গুলি কী কী তা আলোচনা কারো। ১০

৫। ভাষা পরিকল্পনার ধারণাটি উদাহরণসহ আলোচনা করো। ১০

৬। সমাজভাষাবিজ্ঞানে ক্ষেত্রসমীক্ষার মাধ্যমে কী কী ভাবে একটি ভাষার নমুনা সংগ্রহ করতে হয় সেটি লেখো। ১০

একক - ৩

৭। সংসক্তি কাকে বলে? সংসক্তির শ্রেণি বিভাজনগুলি আলোচনা কারো। ২+৮=১০

৮। একটি রচনার কোন কোন স্তরে প্রমুখণ হতে পারে তা বিস্তারিত ভাবে লেখো। ১০

৯। সমান্তরতা কাকে বলে? উদাহরণসহ এর বিভাজনগুলি আলোচনা কারো। ২+৮=১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৫X২=১০

ক। 'ল্যাঙ্গোয়েজ রেজিস্টার' কাকে বলে?

খ। 'ল্যাঙ্গোয়েজ টুল' কাকে বলে?

গ। সংহতি বলতে কী বোঝ?

ঘ। রীতি ও শৈলীর মধ্যে দুটি পার্থক্য লেখো।

ঙ। ভাষাবদল কাকে বলে?

চ। ভাষা সরণ বলতে কী বোঝ?